# ১. ভূমিকা

ইতিহাস কালের প্রতিচ্ছবি,যুগ যুগান্তরের সাক্ষী ও মানব সভ্যতার আলেখ্য। ইতিহাসের দর্পণেই আমরা অতীতকে প্রত্যক্ষ করি বর্তমানকে গড়ি এবং ভবিষ্যতের চিন্তা করি। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি মূলত ইতিহাসেরই একটি বিশেষায়িত ক্ষেত্র। এটি একদিকে মুসলিমদের গৌরবোজ্জ্বল অতীত সভ্যতা ও সংস্কৃতির সাথে সংযোগ ঘটায় অন্যদিকে অতীত ঐতিহ্যের অনুসন্ধান ও জাতীয় ঐতিহ্যের প্রতি সচেতন ও শ্রদ্ধাশীল হতে অনুপ্রাণিত করে। এ বিষয়টি চর্চার মাধ্যমেই একজন শিক্ষার্থী ইতিহাসের ঘটনাক্রম ও কার্যকারণ সম্পর্কে অনুধাবণ করে অতীত ও বর্তমানের মাঝে সংযোগ ঘটিয়ে দেশ ও জাতি বিনির্মাণে প্রয়োজনীয় জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করতে সক্ষম হবে।

ইসলাম আরব সমাজসহ বহু সমাজের বিদ্যমান সামাজিক কুসংস্কার, অনাচার, অরাজকতা ও সংস্কৃতির বৈষম্য দূর করে নতুন সভ্যতা ও সংস্কৃতির গোড়া পত্তন ঘটিয়েছিল। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি অধ্যয়নের ফলে শিক্ষার্থী দেশের ইতিহাস ঐতিহ্য এবং ইসলাম ও মুসলিমদের গৌরবময় ইতিহাস সম্পর্কে জানতে পারবে। এছাড়াও বিশ্ব সভ্যতার বিভিন্ন ধারার সাথে পরিচিত হবে এবং বিশ্বসভ্যতায় ইসলামের গুরুত্বপূর্ণ অবদান সম্পর্কে জ্ঞান লাভ করবে।

বর্তমান শিক্ষাক্রমে পূর্বের ‘ইসলামের ইতিহাস’ বিষয়টিকে ‘ইসলামের ইতিহাস ও সংস্কৃতি’ নামকরণ করে এর বিষয়বস্তুতে আর্থ,সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাসের বিভিন্ন উপাদান অন্তর্ভুক্ত করা হয়েছে। শিক্ষার্থী যাতে ইসলামের মহান মানবতাবোধ, বিশ্বভ্রাতৃত্ব, উদার মনোভাব, পরমতসহিষ্ণুতা, সাম্প্রদায়িক সম্প্রীতি, নারীর প্রতি সম্মানবোধ, দেশপ্রেম ইত্যাদি গুণাবলি অর্জনের মাধ্যমে সামাজিক, মানবিক ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন সুনাগরিক হিসেবে গড়ে উঠতে পারে।

সর্বোপরি শিক্ষার্থী মহান ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধের চেতনা, জাতীয়তাবোধ, দেশপ্রেম ও গণতান্ত্রিক মূল্যবোধের চেতনায় উজ্জীবিত হবে এবং মানব সেবায় অংশগ্রহণ করে শান্তিপূর্ণ সমাজ ও সমৃদ্ধ দেশগড়ার কাজে আত্মনিয়োগ করবে।

## ২. উদ্দেশ্য

১. ইসলামের রাজনৈতিক ইতিহাস, ইসলামি প্রশাসন, সভ্যতা ও সংস্কৃতির সাথে পরিচিত হওয়া।

২. হযরত মুহাম্মদ (স:) এর জীবন ও কর্মকাণ্ড সম্পর্কে জানা এবং তাঁর আদর্শে অনুপ্রাণিত হওয়া।

৩. খুলাফায়ে রাশেদিনের কার্যাবলি ও অবদান সম্পর্কে জানা এবং তাদের উদার মানবতাবাদী ধর্মীয় ও নৈতিক মূল্যবোধের আদর্শে উজ্জীবিত হওয়া।

৪. দামেস্কে ও স্পেনে উমাইয়া খিলাফতের প্রতিষ্ঠা, প্রশাসনিক সংস্কার ও সাংস্কৃতিক বিকাশ সম্পর্কে অবগত হওয়া এবং সময়ের পরিবর্তনের সাথে প্রয়োজনীয় সংস্কার কর্মসূচি গ্রহণে অনুপ্রাণিত হওয়া।

৫. আব্বাসি আমলে শাসন ও জ্ঞান বিজ্ঞানের অগ্রগতি সম্পর্কে জানা এবং জ্ঞান বিজ্ঞান চর্চায় ও প্রসারে উৎসাহী হওয়া।

৬. ইসলামের গণতান্ত্রিক রীতি-নীতি, সাম্য, মৈত্রী ও সার্বজনীন ভ্রাতৃত্ববোধে উজ্জীবিত হওয়া।

৭. বিশ্ব সভ্যতায় এবং জ্ঞান বিজ্ঞানের বিভিন্ন শাখায় ইসলামের অবদান সম্পর্কে জ্ঞাত হওয়া।

৮. মধ্যযুগে ভারতীয় উপমহাদেশের মুসলিম শাসন সম্পর্কে জ্ঞান লাভ করা এবং সেসবের উৎকৃষ্ট কার্যাবলি নিজ সভ্যতা ও সমাজে প্রয়োগ করতে উদ্যোগী হওয়া।

৯. বাংলায় ইংরেজ শাসনের প্রভাব ও প্রতিক্রিয়া সম্পর্কে জানা এবং এসব প্রতিক্রিয়ার ফলে উদ্ভুত আন্দোলন থেকে জাতীয়তাবাদী চেতনায় অনুপ্রাণিত হওয়া।

১০. ইসলামের ইতিহাসের মহান ব্যক্তিবর্গের চরিত্র ও কার্যাবলি সম্পর্কে জানা এবং তাদের চরিত্র ও কর্মে প্রস্ফুটিত নৈতিক ও মানবিক মূল্যবোধে অনুপ্রাণিত হওয়া।

১১. মহান ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধের ইতিহাস ও ঐতিহ্য জানতে পারা ও মুক্তিযুদ্ধের চেতনা ধারণ করে দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়া এবং জাতীয় ঐক্য ও সংহতির প্রতি সচেতন থাকা।

১২. ইতিহাস ও ঐতিহ্য থেকে শিক্ষা নিয়ে দেশ ও জাতির উন্নয়ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করে জাতীয় অগ্রগতিতে অবদান রাখতে সক্ষম হওয়া।

১৩. ঐতিহাসিক ঘটনাবলির বস্তুনিষ্ঠ ও তুলনামূলক বিশ্লেষণ দ্বারা ইতিহাস পঠন-পাঠনের বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি গঠন করা।

১৪. নিজস্ব ইতিহাস ও ঐতিহ্য সম্পর্কে অবগত হওয়া এবং সেসব উপাদান সমূহকে সমকালীন ভাব ও সাংস্কৃতিক মূল্যবোধের সাথে সমন্বয় করতে পারা ।

**প্রথম অধ্যায়: প্রাক ইসলামি আরব (১৫ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. ইসলাম পূর্বযুগে আরবদের ভৌগোলিক অবস্থান ও জলবায়ু এবং অধিবাসীদের উপর এসবের প্রভাব বর্ণনা করতে সক্ষম হবে। | • প্রাচীন আরব উপদ্বীপের ভৌগোলিক অবস্থান, ভূ-প্রকৃতিক বৈশিষ্ট্য এবং অধিবাসীদের জীবন জীবিকায় এর প্রভাব |
| ২. প্রাচীন সভ্যতাসমূহের বৈশিষ্ট্য এবং এগুলোর প্রভাব উল্লেখ করতে পারবে। | • প্রাচীন সভ্যতা : মিসরীয়, সুমেরীয়, হিব্রু, গ্রিক ও রোমীয় |
| ৩. ইসলাম পূর্বযুগে আরব জীবন যাত্রার রাজনৈতিক, সামাজিক, ধর্মীয়, অর্থনৈতিক ও সংস্কৃতিক অবস্থার বর্ণনা দিতে পারবে। | • ইসলাম পূর্বযুগে আরবের রাজনৈতিক, সামাজিক, ধর্মীয়, অর্থনৈতিক ও সংস্কৃতিক অবস্থা |
| ৪. প্রাক-ইসলামিক আরব জীবনের কতিপয় উৎকৃষ্ট গুণাবলি যেমন সত্যবাদিতা, আতিথেয়তা, ভ্রাতৃত্ববোধ, উদার সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গি প্রভৃতি অর্জন করে বাস্তব জীবনে প্রতিফলন ঘটাতে উদ্বুদ্ধ হবে। | |

**দ্বিতীয় অধ্যায়: হযরত মুহাম্মদ (স.) (২৫ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. হযরত মুহাম্মদ (স.) এর বাল্যজীবন, মক্কা জীবন ও নবুয়ত প্রাপ্তি সম্পর্কে বর্ণনা দিতে পারবে। | • মহানবি হযরত মুহাম্মদ (স.): বাল্য জীবন, মক্কা জীবন ও নবুয়ত প্রাপ্তি |
| ২. হিযরতের কারণ ও গুরুত্ব ব্যাখ্যা করতে সক্ষম হবে। | • হিযরত : কারণ ও গুরুত্ব |
| ৩. মদিনা সনদ ও মদিনায় আদর্শ রাষ্ট্রগঠনে এর গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে। | • মদিনা সনদ ও এর গুরুত্ব |
| ৪. মহানবি (স.) এর সময়ের বিভিন্ন যুদ্ধের কারণ ও ফলাফল ব্যাখ্যা করতে পারবে। | • প্রাথমিক যুদ্ধসমূহ : বদর, উহুদ ও খন্দক |
| ৫. হুদায়বিয়ার সন্ধির পটভূমি, শর্তাবলি ও তাৎপর্য ব্যাখ্যা করতে পারবে। | • হুদায়বিয়ার সন্ধি ও এর ফলাফল |
| ৬. মক্কা বিজয়ের ঘটনা বর্ণনা করতে পারবে এবং এখানে প্রতিফলিত শান্তিনীতির ধারণা ব্যক্তি ও সমাজ জীবনে প্রয়োগ করতে অনুপ্রাণিত হবে। | • মক্কা বিজয় ও শান্তিনীতি |
| ৭. বিদায় হজের ভাষণের উদার, মানবতাবাদী চেতনা ও সমাজ সংস্কারের বিষয়াবলি বর্ণনা করতে পারবে এবং নিজ ও সমাজ জীবনে সেসবের প্রতিফলন ঘটাতে সক্ষম হবে। | • বিদায় হজ ও বিদায় হজের ভাষণ |
| ৮. মহানবি (স.) এর সংস্কারসমূহের বিবরণ দিতে পারবে। | • মহানবি (স.) এর সংস্কারসমূহ |
| ৯. মহানবি (স.) এর চারিত্রিক গুণাবলির পরিচয় দিতে পারবে এবং সেসবের দ্বারা অনুপ্রাণিত হয়ে মানবিক ও নৈতিক মূল্যবোধ, সাম্প্রদায়িক সম্প্রীতি, নারীর প্রতি সম্মানবোধ, মানবতাবাদী চেতনা, উদার দৃষ্টিভঙ্গি ও সত্যবাদিতায় নিজ ও সমাজ জীবন গঠনে উদ্বুদ্ধ হবে। | • মহানবি (স.) এর চারিত্রিক গুণাবলি ও কৃতিত্ব |

## তৃতীয় অধ্যায়: খুলাফায়ে রাশেদিন (২৫ পিরিয়ড)

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. খুলাফায়ে রাশেদিনের নির্বাচন প্রক্রিয়া বর্ণনা করতে পারবে এবং সেসবে প্রাতফলিত গনতান্ত্রিক মূল্যবোধে উদ্বুদ্ধ হবে।<br>২. ইসলামের ত্রাণকর্তা হিসাবে হযরত আবু বকর (র.) এর কৃতিত্ব ও চরিত্র মূল্যায়ন করতে পরবে।<br>৩. হযরত ওমর (রা.) এর রাজ্যবিস্তার ও প্রশাসন ব্যবস্থার বর্ণনা দিতে পারবে এবং তাঁর অণুসৃত মহানুভবতা ও ন্যায় বিচারের আদর্শে উদ্বুদ্ধ হবে। | • খুলাফায়ে রাশেদিন : নির্বাচন নীতি<br>• হযরত আবু বকর (রা.): প্রাথমিক সমস্যাসমূহ, পারসিক ও রোমীয় সাম্রাজ্যের দ্বন্দ্বের সূত্রপাত, চরিত্র ও কৃতিত্ব<br>• হযরত ওমর (রা.): খিলাফতের সম্প্রসারণ, শাসনব্যবস্থা, চরিত্র ও কৃতিত্ব |
| ৪. হযরত ওসমান (রা.) এর শাসনকার্যাবলি ও তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ বর্ণনা করতে পারবে।<br>৫. হযরত ওসমান (রা.) কে হত্যার কারণ ও ফলাফল ব্যাখ্যা এবং তাঁর চরিত্র ও কৃতিত্ব মূল্যায়ন করতে পারবে। | • হযরত ওসমান (রা.): শাসনকার্যাবলি, অভিযোগসমূহ, হত্যার কারণ, ফলাফল, চরিত্র ও কৃতিত্ব |
| ৬. হযরত আলী (রা.) ও মুয়াবিয়া (রা.) এর মধ্যে সংঘটিত গৃহযুদ্ধের কারণ, ফলাফল এবং তাদের ব্যর্থতা ও সফলতার কারণ ব্যাখ্যা করতে পারবে।<br>৭. ইসলামে শিয়া ও খারেজি সম্প্রদায়ের উৎপত্তি ও তাদের মূল দর্শন ব্যাখ্যা করতে পারবে। | • হযরত আলী (রা.): গৃহযুদ্ধ, শিয়া ও খারেজি সম্প্রদায়ের উৎপত্তি, চরিত্র ও কৃতিত্ব |
| ৮. খুলাফায়ে রাশেদিনের শাসন বৈশিষ্ট্য ও আর্থসামাজিক অবস্থার বর্ণনা করতে পারবে।<br>৯. খলিফাদের জীবন ও কর্মে প্রস্ফুটিত উদারতা, সত্যবাদিতা দয়াপরায়নতা, দানশীলতা, ন্যায় বিচার, বিচক্ষণতা প্রভৃতি গুণে অণুপ্রাণিত হয়ে জীবন গঠনে উদ্বুদ্ধ হবে। | • খুলাফায়ে রাশেদিনের শাসন ও আর্থসামাজিক বৈশিষ্ট্য |

## চতুর্থ অধ্যায়: উমাইয়া খিলাফত (২৫ পিরিয়ড)

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. উমাইয়া খিলাফত প্রতিষ্ঠাতার ইতিহাস বর্ণনা করতে পারবে। | • উমাইয়া খিলাফত প্রতিষ্ঠা |
| ২. মুয়াবিয়া( রা.) এর শাসন ব্যবস্থা ও চরিত্র কৃতিত্ব মুল্যায়ন করতে পারবে এবং তার চরিত্র ও কর্মে প্রতিফলিত কূটনৈতিক প্রজ্ঞা ও রাজনৈতিক দূরদর্শিতার দ্বারা অনুপ্রাণিত হবে। | • মুয়াবিয়া( রা.): সামরিক অভিযান, শাসন ব্যবস্থা, চরিত্র ও কৃতিত্ব |
| ৩. মর্মান্তিক কারবালার ঘটনার কারণ ও পরবর্তী ইতিহাসে এর প্রভাব ব্যাখ্যা করতে পারবে। | • ইয়াজিদ ও ইমাম হোসেন (রা.): কারবালার যুদ্ধ ও গুরুত্ব |
| ৪. উমাইয়া শাসন সুদৃঢ়ীকরণে আব্দুল মালিকের শাসন নীতি ও সংস্কারসমূহ মূল্যায়ন করতে পারবে। | • আব্দুল মালিক: উমাইয়া শাসন পুনর্গঠন ও সুদৃঢ়ীকরণ, শাসননীতি ও সংস্কার, চরিত্র ও কৃতিত্ব |
| ৫. ওয়ালিদ বিন আবদুল মালিকের খিলাফত সম্প্রসারণ এবং বিভিন্ন জাতিগোষ্ঠি ও তাদের ভাষা ও সংস্কৃতির পরিচয় বর্ণনা করতে পারবে। | • ওয়ালিদ বিন আব্দুল মালিক: খিলাফত সম্প্রসারণ, চরিত্র ও কৃতিত্ব |
| ৬. ওমর বিন আব্দুল আজিজ এর রাজস্ব সংস্কার ও শাসন নীতি মূল্যায়ন করতে পারবে। | • ওমর বিন আব্দুল আজিজ: শাসন নীতি, সংস্কার, চরিত্র ও কৃতিত্ব |
| ৭. উমাইয়া খিলাফতের ক্রমাবনতি ও পতনের কারণ বর্ণনা করতে পারবে এবং রাষ্ট্র ও সমাজের স্থায়ীত্ব ও উন্নয়নের লক্ষ্যে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে। | • উমাইয়া খিলাফতে ক্রমাবনতি ও পতন |
| ৮. উমাইয়াদের আর্থ সামাজিক অবস্থার বিবরণ দিতে পারবে | • উমাইয়া আমলে আর্থ সামাজিক বৈশিষ্ট্য |
| ৯. উমাইয়া আমলে শিল্প, স্থাপত্য, সাহিত্য ও সংস্কৃতি চর্চার বিকাশ বর্ণনা করতে পারবে। | • উমাইয়া আমলে শিল্প, স্থাপত্য, সাহিত্য ও সংস্কৃতি চর্চা |

**পঞ্চম অধ্যায়: আব্বাসি খিলাফত (৩০ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. আব্বাসি আন্দোলন ও আব্বাসি খিলাফত প্রতিষ্ঠার বর্ণনা দিতে পারবে।<br>২. আবুল আব্বাস আস সাফ্ফার চরিত্র ও কৃতিত্ব বর্ণনা করতে পারবে। | • আব্বাসি আন্দোলন : আবুল আব্বাস আস-সাফ্ফাহ, আব্বাসি খিলাফত প্রতিষ্ঠা |
| ৩. আব্বাসি শাসন দৃঢ়ীকরণে আল মনসুরের অনুসৃত নীতি ও পদক্ষেপসমূহ মূল্যায়ন করতে পারবে। | • আবু জাফর আল মনসুর: আব্বাসি খিলাফতের প্রতিষ্ঠাতা, শাসন সুদৃঢ়ীকরণ, চরিত্র ও কৃতিত্ব |
| ৪. খলিফা হারুন অর রশিদের অভ্যন্তরীণ ও বৈদেশিক নীতি বর্ণনা করতে পারবে এবং তার কৃতিত্ব বিশ্লেষণ করে মানবতাবাদী উদার দৃষ্টিভঙ্গি ও দেশ সেবায় উদ্যোগী হবে। | • খলিফা হারুন অর রশিদ: অভ্যন্তরীণ ও বৈদেশিক নীতি, চরিত্র ও কৃতিত্ব |
| ৫. বার্মাকিদের উত্থান, পতন ও অবদানের বিবরণ দিতে পারবে এবং তাদের বিচক্ষণ রাজনৈতিক প্রজ্ঞা নিজেদের জীবনে প্রতিফলন ঘটাতে উদ্বুদ্ধ হবে। | • বার্মাকিদের উত্থান, অবদান ও পতন |
| ৬. আল আমিন ও আল মামুনের মধ্যে সংঘটিত গৃহযুদ্ধের বর্ণনা করতে ও তাদের সাফল্য ও ব্যর্থতার কারণ ব্যাখ্যা করতে পারবে। | • আল আমিন ও আল মামুনের গৃহযুদ্ধ : কারণ ও ফলাফল |
| ৭. শাসক ও সংস্কৃতির পৃষ্ঠপোষক হিসেবে আল মামুনের অবদান মূল্যায়ন করতে পারবে এবং জ্ঞান বিজ্ঞান চর্চায় ও প্রসারে উৎসাহী হবে। | • আল মামুন : শাসননীতি, বাইতুল হিকমা ও জ্ঞান বিজ্ঞান চর্চা |
| ৮. বুয়াইদ ও সেলজুকদের পরিচয়, উত্থান, কার্যাবলি ও অবদান মূল্যায়ন করতে পারবে। | • বুয়াইদ ও সেলজুক : উত্থান, কার্যাবলি, অবদান |
| ৯. ক্রুসেডের কারণ ও ফলাফল ব্যাখ্যা করতে পারবে।<br>১০. ক্রুসেডে সালাউদ্দিন আইয়ূবির ভূমিকা ও অবদান মূল্যায়ন করতে পারবে। | • ক্রুসেড : কারণ ও ফলাফল, সালাহ্উদ্দিন আইয়ূবির কৃতিত্ব |
| ১১. আব্বাসি খিলাফত পতনের কারণ ও প্রেক্ষাপট বিশ্লেষণ করতে পারবে। | • আব্বাসি খিলাফতের ক্রমাবনতি ও পতন |
| ১২. আব্বাসি আমলের আর্থ সামাজিক অবস্থার বিবরণ দিতে পারবে। | • আব্বাসি আমলের আর্থ সামাজিক বৈশিষ্ট্য |
| ১৩. আব্বাসি আমলে জ্ঞান বিজ্ঞান ও সাহিত্য সংস্কৃতি বিকাশের বর্ণনা করতে পারবে এবং সেসবের চর্চায় উদ্বুদ্ধ হবে। | • আব্বাসি আমলে জ্ঞান বিজ্ঞান ও সাহিত্য সংস্কৃতি চর্চা |

**ষষ্ঠ অধ্যায়: স্পেনে উমাইয়া শাসন (১০ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. মুসলমানদের স্পেন বিজয়ের কারণ ও ঘটনা বর্ণনা করতে পারবে। | • মুসলমানদের স্পেন বিজয় |
| ২. স্পেনে উমাইয়া আমিরাত প্রতিষ্ঠায় আব্দুর রহমান আদ-দাখিলের অবদান মূল্যায়ন করতে পারবে। | • স্পেনে উমাইয়া আমিরাত প্রতিষ্ঠা: আব্দুর রহমান আদ-দাখিল |
| ৩. দ্বিতীয় আব্দুর রহমানের আমলে স্পেনে উল্লেখযোগ্য ঘটনাসমূহ পর্যালোচনা করতে পারবে। | • দ্বিতীয় আব্দুর রহমান ও উল্লেখযোগ্য ঘটনাসমূহ |
| ৪. স্পেনের উমাইয়া খিলাফতের প্রতিষ্ঠাতা হিসেবে তৃতীয় আব্দুর রহমানের কৃতিত্ব মুল্যায়ন করতে পারবে। | • তৃতীয় আব্দুর রহমান : খিলাফত প্রতিষ্ঠা, স্পেনের শ্রেষ্ঠ উমাইয়া শাসক |
| ৫. মুসলমানদের স্পেন বিজয় ও তাদের শাসন কার্যের উৎকৃষ্ট দিকগুলো বিবেচনায় নিয়ে সমাজ ও রাষ্ট্রীয় জীবনে সেসবের প্রতিফলন ঘটাতে সক্ষম হবে। | |
| ৬. স্পেনে মুসলিম সভ্যতা ও সংস্কৃতি বর্ণনা করতে পারবে এবং সেসবের চর্চায় নিজেরা উদ্বুদ্ধ হবে। | • স্পেনে মুসলিম সভ্যতা ও সংস্কৃতির বিকাশ |

**সপ্তম অধ্যায়:  উত্তর আফ্রিকায় ফাতেমি খিলাফত (১০ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. ফাতেমিদের পরিচয় ও উত্থান বর্ণনা করতে পারবে।<br>২. উত্তর আফ্রিকা ও মিশরে ফাতেমি খিলাফত প্রতিষ্ঠার সংশ্লিষ্ট ঘটনাবলির বিবরণ দিতে পারবে।<br>৩. ফাতেমি খিলাফতের প্রকৃত প্রতিষ্ঠাতা হিসেবে আল-মুইজের অবদান মূল্যায়ন করতে পারবে। | • ফাতেমি আন্দোলন:উত্তর আফ্রিকায় ফাতেমিদের উত্থান<br>• ফাতেমি খিলাফত: উত্তর আফ্রিকা ও মিশরে ফাতেমি খিলাফত প্রতিষ্ঠা |
| ৪. মিশরে জ্ঞান-বিজ্ঞান ও শিক্ষা সংস্কৃতির উন্নয়নে আল আজিজ ও আল হাকিমের অবদান মূল্যায়ন করতে পারবে এবং জ্ঞান বিজ্ঞান চর্চায় উদ্বুদ্ধ হবে। | • ফাতেমি খলিফা: আল মুইজ, আল আজিজ ও আল হাকিম |
| ৫. ফাতেমিদের পতনের কারণ চিহ্নিত করে সেসব বর্ণনা করতে পারবে।<br>৬. উত্তর আফ্রিকায় সভ্যতা ও সংস্কৃতির বিকাশ বর্ণনা করতে পারবে। | • ফাতেমিদের ক্রমাবনতি ও পতন<br>• উত্তর আফ্রিকায় সভ্যতা ও সংস্কৃতির বিকাশ: আল আজহার মসজিদ ও বিশ্ববিদ্যালয়, দারুল হিকমা |

## প্রথম অধ্যায় : ভারতে মুসলিম শাসন প্রতিষ্ঠা (২৫ পিরিয়ড)

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. মুহম্মদ বিন কাসিমের সিন্ধু ও মুলতান বিজয়ের কারণ ও ফলাফল বিশ্লেষণ করতে পারবে। | • মুহাম্মদ বিন কাসিমের সিন্ধু ও মুলতান বিজয়: কারণ ঘটনা ও ফলাফল। |
| ২. সুলতান মাহমুদের ভারত অভিযানের উদ্দেশ্য ও ফলাফল মূল্যায়ন করতে পারবে। | • গজনির সুলতান মাহমুদ : সামরিক অভিযান, চরিত্র ও কৃতিত্ব |
| ৩. মুইজউদ্দিন মুহম্মদ ঘুরী কর্তৃক ভারত উপমহাদেশে মুসলিম শাসন প্রতিষ্ঠার সংশ্লিষ্ট ঘটনাবলি বর্ণনা করতে পারবে। | • মুইজউদ্দিন মুহম্মদ ঘুরী : উত্তর ভারতে মুসলিম শাসন প্রতিষ্ঠা, চরিত্র ও কৃতিত্ব |

## দ্বিতীয় অধ্যায় : দিল্লি সালতানাত যুগ (৩০ পিরিয়ড)

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. দিল্লিতে দাসবংশ প্রতিষ্ঠার ইতিহাস বর্ণনা ও কুতুবউদ্দিন আইবেকের কৃতিত্ব মূল্যায়ন করতে পারবে। | • কুতুবউদ্দিন আইবেক: দাসবংশ প্রতিষ্ঠা |
| ২. দিল্লির সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা হিসাবে ইলতুৎমিশের মূল্যায়ন করতে পারবে। | • ইলতুৎমিশ: দিল্লি সালতানাতের প্রকৃত প্রতিষ্ঠাতা |
| ৩. দিল্লি সালতানাতের প্রথম মহিলা শাসক হিসাবে সুলতানা রাজিয়ার কৃতিত্ব মূল্যায়ন করতে পারবে। | • সুলতান রাজিয়া: কৃতিত্ব |
| ৪. দিল্লি সালতানাত সুদৃঢ়ীকরণে গিয়াস উদ্দিন বলবনের গৃহীত পদক্ষেপসমূহ ব্যাখ্যা করতে পারবে। | • গিয়াস উদ্দিন বলবন: সালতানাত সুদৃঢ়ীকরণ |
| ৫. খলজি বংশের প্রতিষ্ঠায় জালালুদ্দিন খলজির ভূমিকা মূল্যায়ন করতে পারবে। | • খলজি বংশ প্রতিষ্ঠা: জালালুদ্দিন খলজি |
| ৬. আলাউদ্দিন খলজির রাজ্য জয় ও শাসন সংস্কার সম্পর্কে বর্ণনা করতে পারবে। | • আলাউদ্দিন খলজি: রাজ্য বিজয়, শাসন ব্যবস্থা |
| ৭. তুঘলক বংশের পরিচয় বর্ণনা করতে পারবে এবং প্রতিষ্ঠাতা গিয়াস উদ্দিন তুঘলকের মূল্যায়ন করতে পারবে। | • তুঘলক বংশ প্রতিষ্ঠা: গিয়সউদ্দিন তুঘলক |
| ৮. মুহম্মদ বিল তুঘলকের উচ্চাভিলাষী মহাপরিকল্পনাগুলো মূল্যায়ন করতে পারবে এবং সেসবের আলোকে বাস্তব জীবনে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সক্ষম হবে। | • মুহাম্মদ বিন তুঘলক: মহাপরিকল্পনাসমূহ |
| ৯. ফিরোজশাহ তুঘলকের সংস্কারাবলি ও জনহিতকর কার্যাবলি বর্ণনা করতে পারবে এবং সে আলোকে সমাজ জীবনে সংস্কারমূলক ও জনহিতকর কার্যাবলি গ্রহণে উদ্যোগী হবে । | • ফিরোজশাহ তুঘলক: সংস্কার ও জনহিতকর কার্যাবলি,<br>• সৈয়দ ও লোদি বংশ: উত্থান ও পতন |
| ১০. সৈয়দ ও লোদি বংশের উত্থান ও পতনের কারণ ব্যাখ্যা করতে পারবে। | • দিল্লি সালতানাতের ক্রমাবনতি ও পতন |
| ১১. দিল্লি সালতানাতের পতনের কারণ ও ফলাফল বিশ্লেষণ করতে পারবে। | |

**তৃতীয় অধ্যায় : ভারত উপমহাদেশে মুঘল শাসন (৩৫ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. উপমহাদেশে মুঘল শাসন প্রতিষ্ঠার বিবরণ দিতে পারবে এবং প্রতিষ্ঠাতা বাবরের কৃতিত্ব মূল্যায়ন করতে পারবে। | • ভারতে মুঘল শাসন প্রতিষ্ঠা: বাবর, চরিত্র ও কৃতিত্ব |
| ২. মুঘল সম্রাট হুমায়ুনের সাথে আফগান নেতা শেরশাহের দ্বন্দ্বের কারণ ও ফলাফল বর্ণনা করতে পারবে। | • সম্রাট হুমায়ুন : মুঘল- আফগান দ্বন্দ্ব |
| ৩. শেরশাহের শাসন সংস্কার ও জনহিতকর কার্যাবলির বিবরণ দিতে পারবে এবং সে আলোকে বাস্তব জীবনে পদক্ষেপ গ্রহনে উদ্যোগী হবে। | • শেরশাহ : শাসনব্যবস্থা ও জনহিতকর কার্যাবলি |
| ৪. সম্রাট আকবরের রাজ্যবিজয়, শাসন পদ্ধতি ও ধর্মীয় নীতির মূল্যায়ন করতে পারবে এবং সেসবে প্রতিফলিত দূরদর্শি রাজনৈতিক প্রজ্ঞা, ধর্মীয় সম্প্রীতি, পরমতসহিষ্ণুতা ও মানবতাবাদী চেতনায় উদ্বুদ্ধ হবে। | • সম্রাট আকবর : রাজ্য বিজয়, ধর্মীয় নীতি, রাজপুত নীতি ও শাসন পদ্ধতি |
| ৫. সম্রাট জাহাঙ্গীরের শাসনামলের কার্যাবলির বিবরণ দিতে পারবে এবং সেসবে নূরজাহানের প্রভাব বর্ণনা করতে পারবে। | • সম্রাট জাহাঙ্গীর : নূরজাহানের প্রভাব, চরিত্র ও কৃতিত্ব |
| ৬. সম্রাট শাহজাহানের আমলের স্থাপত্য ও সুকুমার শিল্পের বিকাশ বর্ণনা করতে পরবে এবং স্থাপত্য বিনির্মাণ, সংরক্ষণ ও শিল্পকলাচর্চায় অনুপ্রাণিত হবে। | • সম্রাট শাহজাহান : স্থাপত্য শিল্পের বিকাশ, পুত্রদের মধ্যে উত্তরাধিকার দ্বন্দ্ব, চরিত্র ও কৃতিত্ব |
| ৭. সম্রাট শাহজাহানের পুত্রদের মধ্যে সংঘটিত উত্তরাধিকার দ্বন্দ্বের বিবরণ দিতে পারবে। | |
| ৮. সম্রাট আওরঙ্গজেবের দাক্ষিনাত্য নীতি পর্যালোচনা এবং তাঁর চরিত্র কৃতিত্ব মূল্যায়ন করতে পারবে। | • সম্রাট আওরঙ্গজেব: দাক্ষিনাত্য নীতি, চরিত্র ও কৃতিত্ব |
| ৯. মুঘল সম্রাজ্যের পতনের কারণ ও ফলাফল বর্ণনা করতে পারবে। | • মুঘল সাম্রাজ্যের পতন: কারণ ও ফলাফল |
| ১০. মুঘল আমলের শাসন ও আর্থ সামাজিক অবস্থার বিবরণ দিতে পারবে। | • মুঘল আমলের শাসন ও আর্থ সামাজিক অবস্থা |

**চতুর্থ অধ্যায় : বাংলায় কোম্পানি ও ঔপনিবেশিক শাসন (২০ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানির দিওয়ানি লাভ ও দ্বৈত শাসনের প্রভাব বর্ণনা করতে পারবে। | • ইস্ট ইন্ডিয়া কোম্পানির দিওয়ানি লাভ: লর্ড ক্লাইভ ও দ্বৈত শাসন |
| ২. বাংলায় সংঘটিত ফরায়েজি আন্দোলন ও তিতুমীরের বিদ্রোহের বিবরণ দিতে পারবে। | • ফরায়েজি আন্দোলন, তিতুমীরের বিদ্রোহ |
| ৩. ১৮৫৭ সালের বিপ্লবের কারণ ও ফলাফল বিশ্লেষণ করতে পারবে। | • ১৮৫৭ সালের বিপ্লব |
| ৪. ঔপনিবেশিক বাংলায় সামাজিক ও শিক্ষা সংস্কারে হাজি মুহম্মদ মোহসিন, নবাব আবদুল লতিফ ও সৈয়দ আমির আলির অবদান মূল্যায়ন করতে পারবে এবং তাঁদের মহান আদর্শ অনুকরণে আত্মত্যাগী ও মুক্তচিন্তার অধিকারী হবে। | • সংস্কার আন্দোলন: হাজি মুহম্মদ মোহসিন,নবাব আবদুল লতিফ, সৈয়দ আমির আলি |
| ৫. রাজনৈতিক অধিকার অর্জনের লক্ষ্যে কংগ্রেস ও মুসলিম লীগের জন্ম এবং কার্যাবলি বর্ণনা করতে পারবে | • রাজনৈতিক দল : কংগ্রেস, মুসলিম লীগ |
| ৬. বঙ্গভঙ্গের কারণ ও পরবর্তী ঘটনায় এর প্রভাব মূল্যায়ন করতে পারবে। | • বঙ্গভঙ্গ: ঘটনা ও ফলাফল |
| ৭. খেলাফত ও অসহযোগ আন্দোলনের কারণ ও ফলাফল ব্যাখ্যা করতে পারবে। | • খেলাফত ও অসহযোগ আন্দোলন |
| ৮. ঐতিহাসিক লাহোর প্রস্তাবের বিষয়বস্তু ও দ্বিজাতিতত্ত্ব সম্পর্কে ব্যাখ্যা করতে পারবে। | • লাহোর প্রস্তাব ১৯৪০: দ্বিজাতিতত্ত্ব |
| ৯. বৃটিশ শাসনের অবসান, ভারত বিভক্তি ও পাকিস্তান রাষ্ট্রের জন্মের ইতিহাস বর্ণনা করতে পারবে। | • ভারত বিভক্তি ১৯৪৭: পাকিস্তান রাষ্ট্রের জন্ম |

**পঞ্চম অধ্যায় : বাংলার ইতিহাস ( পাকিস্তান আমল )   (২০ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. ভাষা আন্দোলনের কারণ ও প্রেক্ষাপট এবং বাঙ্গালি জাতীয়তাবাদী চেতনার বিকাশে এর গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। | • ভাষা আন্দোলন: বাঙ্গালি জাতীয়তাবাদী চেতনার উন্মেষ |
| ২. ১৯৫৪ সালের নির্বাচনে যুক্তফ্রন্টের বিজয় ও মুসলিম লীগের পরাজয়ের কারণ বর্ণনা করতে পারবে। | • ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচন |
| ৩. পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের বৈষম্যমূলক আচরণ ব্যাখ্যা করতে পারবে। | • পূর্ব বাংলার প্রতি পাকিস্তানের বৈষম্যমূলক নীতি |
| ৪. ঐতিহাসিক ছয় দফার বিষয়বস্তু ও এর গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে। | • ঐতিহাসিক ছয় দফা ও এর গুরুত্ব |
| ৫. ঐতিহাসিক আগরতলা মামলার বর্ণনা দিতে পারবে | • ঐতিহাসিক আগরতলা মামলা (১৯৬৮) |
| ৬. ঊনসত্তরের গণ অভ্যুত্থানের প্রেক্ষাপট ও ফলাফল ব্যাখ্যা করতে পারবে। | • ঊনসত্তরের গণ অভ্যুত্থান |

**ষষ্ঠ অধ্যায় : স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয়  (২০ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| ১. ১৯৭০ সালের সাধারণ নির্বাচন সম্পর্কে ধারণা দিতে পারবে। | • ১৯৭০ সালের সাধারণ নির্বাচন |
| ২. বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের বিষয়বস্তু ও তাৎপর্য ব্যাখ্যা করতে পারবে। | • বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ: বিষয়বস্তু ও তাৎপর্য |
| ৩. ২৫ শে মার্চের কালোরাতে পাকিস্তানি হানাদার বাহিনীর বাঙ্গালিদের নির্মম গণহত্যার বিবরণ দিতে পারবে এবং ২৬শে মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণার বিষয়ে বর্ণনা করতে পারবে। | • ২৫ শে মার্চের কালোরাতের গণহত্যা ও স্বাধীনতা ঘোষণা |
| ৪. মুজিবনগর সরকার গঠন, মহান মুক্তিযুদ্ধ পরিচালনা ও বিজয় অর্জনের ঘটনাবলি বিবৃত করতে পারবে। | • মুজিবনগর সরকার ও মহান মুক্তিযুদ্ধ<br>• মহান মুক্তিযুদ্ধে স্বাধীনতা বিরোধীদের তৎপরতা |
| ৫. মহান মুক্তিযুদ্ধে স্বাধীনতা বিরোধীচক্র ও তাদের তৎপরতা সম্পর্কে জানতে পারবে এবং তাদের তৎপরতা ব্যাখ্যা করতে পারবে। | |
| ৬. মহান মুক্তিযুদ্ধের চেতনা লালন করবে এবং দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে জাতিগঠনমূলক কাজে অংশ গ্রহণে সচেষ্ট হবে। | • স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের অভ্যুদয় |

## ৬. লেখক নির্দেশনা :

### প্রথম পত্র

**বিষয়বস্তু ও শিখনফলের আলোকে লেখক ধারাবাহিকভাবে সুনির্দিষ্ট বিষয়গুলো উল্লেখ করে লিখবেন এবং অধ্যায়ভিত্তিক আলোচনার ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলি অনুসরণ করবেন।**

প্রথম অধ্যায়: প্রাক ইসলামি আরব

ইসলাম পূর্বযুগে আরবের সাংস্কৃতিক অবস্থার বর্ণনা ক্ষেত্রে তদানীন্তন আরব জীবনের কতিপয় গুণাবলি যেমন সত্যবাদিতা, আতিথেয়তা, ভ্রাতৃত্ববোধ, উদার সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গি প্রভৃতি দিকগুলোকে বিশেষভাবে উল্লেখ করতে হবে।

দ্বিতীয় অধ্যায়:হযরত মুহাম্মদ (স.)

মহানবি হযরত মুহাম্মদ (স.) এর সংস্কার সমূহ ও চারিত্রিক গুণাবলি আলোচনার ক্ষেত্রে তাঁর নৈতিক ও মানবিক মূল্যবোধ, সাম্প্রদায়িক সম্প্রীতি, নারীর প্রতি সম্মানবোধ, মানবতাবাদী চেতনা, উদার দৃষ্টিভঙ্গি ও সত্যবাদিতার উপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে।

তৃতীয় অধ্যায়: খুলাফায়ে রাশেদিন

খুলাফায়ে রাশেদিনের জীবন ও কর্মে প্রস্ফুটিত উদারতা, সত্যবাদিতা, দয়াপরায়নতা, দানশীলতা, ন্যায়বিচার বিচক্ষণতা প্রভৃতি গুণাবলি সংশ্লিষ্ট ব্যক্তির সাথে মিলিয়ে এসবের উপর যথাযথ গুরুত্বারোপ করে যথাস্থানে লিখতে হবে।

চতুর্থ অধ্যায়: উমাইয়া খিলাফত

এ অধ্যায়ের শুরুতে উমাইয়া খিলাফত প্রতিষ্ঠার ঐতিহাসিক পটভূমির বিশেষ উল্লেখসহ ধারাবাহিকভাবে খলিফাদের শাসনামল আলোচনা করতে হবে এবং শেষে উমাইয়া আমলের শিল্প, স্থাপত্য, সাহিত্য ও সংস্কৃতি চর্চার দিকগুলোর উপর আলোকপাত করে অধ্যায়টি লিখতে হবে।

পঞ্চম অধ্যায়: আব্বাসি খিলাফত

এ অধ্যায়ে ধরাবাহিক ভাবে আব্বাসি খলিফাদের শাসনামলের বিশেষ দিক উল্লেখ করে শেষ পর্যায়ে বায়তুল হিকমার বিশেষ উল্লেখপূর্বক আব্বাসি আমলে জ্ঞান, বিজ্ঞান ও সভ্যতা সংস্কৃতি বিষয়ক আলোচনায় আনতে হবে।

ষষ্ঠ অধ্যায়: স্পেনে উমাইয়া শাসন

এ অধ্যায়ের শুরুতে মুসলমানদের স্পেন বিজয়ের পটভূমি, ঘটনা ও ফলাফলকে বিশেষভাবে আলোচনায় এনে স্পেনের উমাইয়া শাসকদের শাসনামলের বিশেষদিক উল্লেখ পুর্বক বিষয়বস্তু ভিত্তিক ধারাবাহিক আলোচনা শেষে স্পেনে মুসলিম সভ্যতা ও সংস্কৃতি বিষয়ক বর্ণনাকে গুরুত্ব সহকারে আলোচনা করতে হবে।

সপ্তম অধ্যায়: উত্তর আফ্রিকায় ফাতেমি খিলাফত

ফাতেমি খিলাফত প্রতিষ্ঠা ও ফাতেমি খলিফাদের কার্যাবলির ধারাবাহিক পরিচয় প্রদান করে শেষ পর্যায়ে আল আজহার মসজিদ ও বিশ্ববিদ্যালয় এবং দারুল হিকমার বিশেষ উল্লেখপূর্বক উত্তর আফ্রিকায় মুসলিম সভ্যতা ও সংস্কৃতির বিকাশকে গুরুত্বের সাথে আলোচনা করতে হবে।

## ৮. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি শিক্ষাক্রমের বিশেষ বৈশিষ্ট্য :

১৯৯৫-১৯৯৬ সালে প্রণীত উচ্চ মাধ্যমিক শিক্ষাক্রমের আওতায় ইসলামের ইতিহাস বিষয়ের তুলনায় ২০১২ সালে প্রণীত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের শিক্ষাক্রমের বিশেষ বৈশিষ্ট্যগুলো হচ্ছে :

- শিক্ষাক্রমে বর্তমান সময়ের চাহিদা বিশেষ করে নৈতিক ও মানবিক মূল্যবোধ বিকাশের বিষয়টি বিবেচনা করে উদ্দেশ্য ও শিখনফল নির্ধারণ করা হয়েছে।
- বিষয়টির শিরোনামে পূর্বের 'ইসলামের ইতিহাস' বিষয়টিকে 'ইসলামের ইতিহাস ও সংস্কৃতি' নামকরণ করে এর বিষয়বস্তুতে সাংস্কৃতিক ইতিহাসের বিভিন্ন উপাদান অন্তর্ভুক্ত করা হয়েছে।
- শিক্ষার্থীরা যাতে ইসলামের গণতান্ত্রিক রীতিনীতি, সাম্য মৈত্রী, নৈতিকতা, পরমতসহিষ্ণুতা, সাম্প্রদায়িক সম্প্রীতি, উদার দৃষ্টিভঙ্গি, নারীর প্রতি সম্মানবোধ, বিশ্ব ভ্রাতৃত্ববোধ ইত্যাদি মূল্যবোধে উদ্বুদ্ধ হয় তৎপ্রতি গুরুত্ব আরোপ করে বর্তমান শিক্ষাক্রমে বিষয়বস্তু বিন্যস্ত হয়েছে।
- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্রে পূর্বে দু'টো আলাদা শিরোনাম ছিল- 'ভারতীয় উপমহাদেশের ইতিহাস (মধ্যযুগ)' এবং 'বাংলাদেশের ইতিহাস (১৭৫৭-১৯৭১)'। শিক্ষার্থীদের এদুটো বিষয়ের যে কোনো একটি বিষয় নিতে হত বলে একদিকে অন্যটি সম্পর্কে ধারণা লাভ করতে পারতনা আর অন্যদিকে তাদের ইতিহাস জ্ঞানের ধারাবাহিকতা বিঘ্নিত হত। এ বিষয়টি উপলব্ধি করে দু'টো বিষয় সমন্বয়ের মাধ্যমে একটি পরিপূর্ণ পত্র তৈরি করা হয়েছে যার শিরোনাম হল 'ভারত উপমহাদেশ (মধ্যযুগ) ও বাংলাদেশের ইতিহাস( ১৯৭১ খৃস্টাব্দ পর্যন্ত)'।
- নতুন শিরোনামের এ পত্রটিতে বিষয় সংশ্লিষ্ট শিক্ষার্থীরা বাধ্যতামূলকভাবে জাতীয় ইতিহাস বিশেষ করে মহান ভাষা আন্দোলন, বাঙ্গালি জাতীয়তাবাদের বিকাশ, ঐতিহাসিক ৭ই মার্চের ভাষনের বিষয়বস্তু ও এর গুরুত্ব এবং সর্বোপরি মহান মুক্তিযুদ্ধের ইতিহাস অধ্যয়ণ করে দেশপ্রেমী, উদার দৃষ্টিভঙ্গির সুনাগরিক হতে সক্ষম হবে।

